

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৭২.১৩১.০১.০০.০২২.২০১১ (২য় খন্ড)-৩০৫

তারিখঃ ১৩.০৬.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সচিবালয় ভবন (তৃতীয় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বীকৃত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫১৩০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে আরপিএ (জিওবি) বাবদ ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণ সংক্রান্ত।

জনাব

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫১৩০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ও পরিকল্পনা কমিশন কর্তৃক সংশোধনী অনুযায়ী আরপিএ (জিওবি) খাতে বরাদ্দকৃত হতে ৪র্থ কিস্তিতে মোট ১৫৪৩৫.০০ লক্ষ (রাজস্ব-৪৭৭৫.০০ লক্ষ + মূলধন ১০৬৬০.০০ লক্ষ) টাকা (জাইকা ব্যতিত) (২২.০৫.২০১৬ তারিখের ৪৫.১৭২.১৩১. ০১. ০০. ০২২.২০১১ (২য় খন্ড)-২৫১ সংখ্যক) সরকারী আদেশ অনুমোদিত বিভাজন অনুযায়ী ছাড়করণের নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে;
(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

- ০২। এ ব্যয় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরের মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (কোড নং-৫-২৭১১-৫১৩০) শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।
- ০৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত।
- ০৪। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত কোড/সাব কোডে বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর, দায়ী থাকবেন।
- ০৫। অর্থ বিভাগের গত ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ এবং গত ১৩.০৬.২০১৬ তারিখের নং ০৭.১০৪.০১৪.২৭১১.০২.২০১২-৩১৯-এর মাধ্যমে প্রদত্ত সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

(সুশীল কুমার পাল)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩
saspil@mohfw.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৩। লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। যুগ্ম-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


১৬.০৬.২০১৬
(সুনীল কুমার পাল)
সহকারী সচিব